



BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)

"Made in Bangladesh with Pride"

BGMEA Complex, House # 7/7A, Block # H 1, Sector # 17, Uttara, Dhaka-1230, Hot Line : 09638012345
E-mail : info@bgmea.com.bd, Web : www.bgmea.com.bd

Ref:

বিজিএ/সিএমসি/২০২২/১৩৯

০৬ জুলাই, ২০২২

সকল সম্মানিত সদস্যের জন্য

বিষয়ঃ আসন্ন ঈদ উল-আযহা উপলক্ষ্যে পোশাক শিল্পের শ্রমিক-কর্মচারীদের নিরাপদে ছুটিতে যাওয়া প্রসঙ্গে।

বিজিএমইএ'র সম্মানিত সদস্যদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আসন্ন ঈদ-উল-আযহা উপলক্ষ্যে রপ্তানীমুখী তৈরী পোশাক শিল্পে নিয়োজিত শ্রমিক-কর্মচারীদের নিরাপদে গ্রামের বাড়ীতে যাওয়া নিশ্চিত করার লক্ষ্যে সরকারের নিম্নে উল্লেখিত নির্দেশসমূহ অনুসরণ পূর্বক শ্রমিক-কর্মচারীদেরকে ঈদের ছুটি প্রদান করার জন্য অনুরোধ জানানো যাচ্ছেঃ

শ্রমিক-কর্মচারীদের জন্য কতিপয় নির্দেশনা :-

১. ছুটিতে গ্রামের উদ্দেশ্যে যাত্রা করলে রাস্তার এক পাশ দিয়ে চলাচল করতে হবে, প্রধান সড়কে/হাইওয়েতে গাড়ী চলাচল স্বাভাবিক রাখতে হবে।
২. স্ব স্ব গন্তব্য অনুযায়ী সুনির্দিষ্ট নিয়ম মেনে বাস, ট্রেন ও লঞ্চ স্টেশনে গিয়ে দূর পাল্লার যাত্রা শুরু করবে।
৩. যদি শ্রমিকরা নিজস্ব উদ্যোগে বাসের ব্যবস্থা করে সেই ক্ষেত্রে বাসের অবশ্যই ফিটনেস থাকতে হবে। বাসে উঠার জন্য নির্ধারিত স্থানে পার্কিং করতে হবে। বাস হাইওয়েতে দীর্ঘ সময় পার্কিং করা যাবে না। প্রয়োজনে রাস্তার পার্শ্বে, কারখানার ভিতরে অথবা কাছাকাছি বিআরটিসি বাস স্ট্যাণ্ডে বাস পার্কিং করে যাত্রী আসন গ্রহণ করার পর যাত্রা শুরু করবে।
৪. কোন অবস্থাতেই পশুবাহী ফিরতি ট্রাক, মালবাহী ট্রাক, ফিটনেসবিহীন বাস, মটর সাইকেল, স্পিডবোডে যাতায়াত করা যাবে না।
৫. যাত্রা পথে অপরিচিত লোকের কাছ থেকে কোল্ডড্রিংস, ধুমপান অথবা অন্য কোন কিছু খাওয়া যাবে না।

কারখানা কর্তৃপক্ষের প্রতি কতিপয় নির্দেশনা :-

১. ঈদ উপলক্ষ্যে কারখানা ছুটি হওয়ার পূর্বে এই নির্দেশনাসমূহ কারখানার নিজস্ব পিএ সিস্টেমের মাধ্যমে বার বার শ্রমিক-কর্মচারীদেরকে অবহিত করতে হবে।
২. প্রতিটি কারখানা, শ্রমিক এবং জনগনের ঈদ যাত্রা ভোগান্তিবিহীন, নিরাপদ ও সচ্ছন্দ্যপূর্ণ করার লক্ষ্যে ১০ জনের একটি স্বেচ্ছাসেবক টিম গঠন করতে হবে। উক্ত টিমের সদস্যগণ কারখানার নাম সম্বলিত আইডি কার্ড/ব্যাজ ধারণ করে ০৭ই জুলাই, ২০২২ সকাল ৮:০০ ঘটিকা থেকে ০৮ই জুলাই, ২০২২ রাত ৮:০০ ঘটিকা পর্যন্ত হাইওয়েতে, বাস স্ট্যাণ্ডে যানবাহন চলাচল স্বাভাবিক রাখার লক্ষ্যে আইন-শৃঙ্খলা বাহিনীর সাথে সমন্বয় করে কাজ করবে।
৩. একজনকে টিমলিডার করে উক্ত টিম গঠন করে সকলের নাম ও মোবাইল নাম্বার সহকারে ৬ই জুলাই তারিখের মধ্যে বিজিএমইএ/স্থানীয় থানায়/ইন্ডাস্ট্রিয়াল পুলিশ/ট্রাফিক পুলিশের দফতরে জমা দিতে হবে
৪. হাইওয়েতে, বাস স্ট্যাণ্ডে বিশেষ করে চন্দ্রার মোড়, গাজীপুর চৌরাস্তার মোড়, আশুলিয়া বাইপাইলের মোড়ে যাতে করে শ্রমিক-কর্মচারী কর্তৃক কোন প্রকার হাইওয়ের স্বাভাবিক কার্যক্রম ব্যাহত না হয় সেই ব্যাপারে উক্ত টিম কাজ করবে।
৫. প্রয়োজনে উক্ত বিষয়ে বিজিএমইএ'র সমন্বয় সেলের সাথে নিম্নে উল্লেখিত নাম্বারসমূহে যোগাযোগ করা যেতে পারে।

বিজিএমইএ কন্ট্রোল রুম : ০১৭৩০ ৪৪২২১১

যুগ্ম-সচিব (সিএমসি) : ০১৯১৩ ৫২৯৯৩০

ধন্যবাদান্তে,

মোঃ ফয়জুর রহমান

মহাসচিব